গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
www.dpe.sylhetdiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৮১.২৩- ৯৪৭ তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু জনাব সুরঞ্জিত দাশ তালুকদার, প্রধান শিক্ষক, ৬৫ নং ভুবিরবাক-১ সরকারি প্রাথমিক বিদ্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ এর বিরুদ্ধে অননুমোদিতভাবে (১০.১০.২০২২ তারিখ থেকে) অনুপস্থিতির বিষয়ে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে অত্র দপ্তরের স্মারক নং ৯১৬, তারিখ: ১১.০৯.২০২৩ মূলে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহন করেন;

যেহেতু, তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত বোর্ড গঠন করা হয়;

যেহেতু, বিভাগীয় তদন্ত প্রতিবেদনে বর্ণিত শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী "চাকুরি থেকে বাধ্যতামূলক অবসর গুরুদন্ড" প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক তাকে সিদ্ধান্ত জানিয়ে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, লিখিত জবাবে তিনি ছেলে, মেয়ে, স্ত্রী পরিজনাদি নিয়ে বাকি জীবনটা কোনভাবে কাটিয়ে দেয়ার জন্য অবসরকালীন বেতন ভাতাদি সহকারে সরকারি চাকুরি থেকে অবসরদানে মর্জি কামনা করেন;

সেহেতু, জনাব সুরঞ্জিত দাশ তালুকদার, প্রধান শিক্ষক, ৬৫ নং ভুবিরবাক-১ সরকারি প্রাথমিক বিদ্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) উপবিধি (১)(খ) বিধি মোতাবেক চাকরী থেকে "বাধ্যতামূলক অবসর প্রদান" করা হলো।

২। এ আদেশ তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১০.১০.২০২২ খ্রি. হতে কার্যকর হবে।

২৯/৯/২৪
মো: জালাল উদ্দিন
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
☏০২৯৯৬৬৩৪০৪৫
ই-মেইল : ddsylhe@gmail.com

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৮১.২৩- ৯৪৭(৬) তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
সদয় দৃষ্টি আকর্ষণ : পরিচালক (পলিসি ও অপারেশন)

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ।

৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ - তাঁকে সংশ্লিষ্ট শিক্ষকের নিকট পত্রটি পৌঁছানো নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ।

৫। প্রধান শিক্ষক, ৬৫ নং ভুবিরবাক-১ স.প্রা.বি, নবীগঞ্জ, হবিগঞ্জ।

৬। জনাব সুরঞ্জিত দাশ তালুকদার, প্রধান শিক্ষক (বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), ৬৫ নং ভুবিরবাক-১ স.প্রা.বি, নবীগঞ্জ, হবিগঞ্জ।
স্থায়ী ঠিকানা : গ্রাম : শিবপাশা, ডাক: নবীগঞ্জ, উপজেলা : নবীগঞ্জ, জেলা : হবিগঞ্জ

৭। সংরক্ষণ নথি।

২৯/৯/২৪
মো: জালাল উদ্দিন
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।